

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 যুব-১ শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.২৯.০৪৩.১৯-১০১৪

তারিখ: ২৬ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
 ১০ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ


বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যুব বিনিময় ২০২১ কর্মসূচিতে ২০ জন জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ২৭/১২/২০২১ খ্রি. হতে ৩১/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৫ দিন ব্যাপি যুব বিনিময় কর্মসূচির আয়োজন করা হয়েছে। উক্ত কর্মসূচিতে প্রতি জেলা হতে ০২ জন করে মোট ১২৮ জন যুব সংগঠনের সদস্য এবং যুব উন্নয়ন অধিদপ্তর থেকে জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত ২০ জন, ইয়ুথ লিডারশীপ ফোরামের সদস্য ও উদ্যোক্তা ২০ জন, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ২০ জন, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ১২ জনসহ মোট ২০০ জন যুব প্রতিনিধি অংশগ্রহণ করবেন। এ প্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত ২০ জন প্রতিনিধির অংশগ্রহণের সুযোগ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। উল্লেখ্য, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠানটি আইন দ্বারা প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটিতে নিয়মিত/স্থায়ী মহাপরিচালক এবং স্থায়ী জনবল এখনও নিয়োগ করা হয়নি। প্রতিষ্ঠানটি বর্তমানে যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগিতা নিয়ে কার্যক্রম পরিচালনা করছে। প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালনার সুবিধার্থে প্রশিক্ষণ এবং যুব উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত মনোনয়ন প্রদানের বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ের উপপরিচালকগণের সাথে সরাসরি যোগাযোগ করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর কার্যক্রম পরিচালনার সুবিধার্থে প্রশিক্ষণ এবং যুব উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত মনোনয়ন প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ের উপপরিচালকগণের সাথে প্রয়োজনে সরাসরি পত্র/যোগাযোগের নির্দেশনা প্রদান এবং অন্যান্য যোগাযোগের ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


 দিলরুবা শারমিন
 সিনিয়র সহকারী সচিব
 ফোনঃ ৯৫৪৬৫৯২

মহাপরিচালক (গ্রেড-১)

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৫। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,
- ০৬। অফিস কপি/মাস্টার কপি।